গোপনীয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং-২৮৭ -বিচার-৩/১পি-০১/২০০৫, তারিখঃ-০৭/০৩/২০১৬

বিষয়ঃ অতিরিক্ত জেলা জজ হতে জেলা জজ পদে পদোন্নতি প্যানেল প্রস্তুতের নিমিত্ত বার্ষিক গোপনীয় প্রতিবেদন (ডসিয়ার) প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানান যাচ্ছে যে, জেলা জজ পদটি অধঃস্তন আদালতের সর্বোচ্চ এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ পদ। ইতোমধ্যে জেলা জজ ও জেলা জজ সমপর্যায়ের ১০টি পদ শুন্য আছে, যা জরুরী ভিত্তিতে পূরণ করা আবশ্যক। এছাড়াও অতিরিক্ত জেলা জজ হতে জেলা জজ পদে পদোন্নতির প্যানেলটি ইতোমধ্যে নিঃশেষ হওয়ায় বর্তমানের শুন্য পদসহ ২০১৬ খ্রিঃ সনের ডিসেম্বর পর্যন্ত জেলা জজ পর্যায়ের সম্ভাব্য শুন্য পদের সংখ্যা হবে ৯১টি। উল্লেখ্য যে, যুগ্ম জেলা জজ হতে অতিরিক্ত জেলা জজ এবং সিনিয়র সহকারী জজ হতে যুগ্ম জেলা জজ পদে পদোন্নতির প্যানেল প্রস্তুত আছে। উক্ত প্যানেল হতে ইতোমধ্যে অতিরিক্ত জেলা জজ ও যুগ্ম জেলা জজ পদে বেশকিছু কর্মকর্তাকে পদোন্নতিমূলে পদায়ন করা হয়েছে। উক্ত প্যানেলদ্বয়ের অবশিষ্ট কর্মকর্তাগণ পদোন্নতিমূলে পদায়নের অপেক্ষায় আছেন। অতিরিক্ত জেলা জজ হতে জেলা জজ পদে পদোন্নতির প্যানেল প্রস্তুতক্রমে পদায়ন করা না হলে উক্ত কর্মকর্তাগণ পদোন্নতির সুবিধা বঞ্চিত থাকবেন।

২। অতিরিক্ত জেলা জজ হতে জেলা জজ পদে পদোন্নতি প্যানেল নিঃশেষিত হওয়ায় জেলা জজ পর্যায়ের এ গুরুত্বপূর্ণ পদ সমুহ পূরণের লক্ষ্যে অত্র বিভাগের গত ১১/১১/২০১৫ খ্রিঃ তারিখের ৬২৫-বিচার-৩/১পি-০১/২০১৫ নং স্মারকে ১৪৮ (একশত আটচল্লিশ) জন অতিরিক্ত জেলা জজের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (ডসিয়ার) অত্র বিভাগে প্রেরণের জন্য বাংলাদেশ সুপ্রীম কোর্টে অনুরোধ করে পত্র দেয়া হয়। পরবর্তীতে অত্র বিভাগের ১৫/০২/২০১৬ খ্রিঃ তারিখের ১১১-বিচার-৩/১পি-০১/২০১৫ নং স্মারকে উল্লিখিত বার্ষিক গোপনীয় প্রতিবেদন (ডসিয়ার) প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করে পত্র দেয়া হয় । বাংলাদেশ সুপ্রীম কোর্ট ১৮/০২/২০১৬খ্রিঃ তারিখের বিজ্ঞপ্তি নং-১৮/২০১৬ এ, মূলে অতিরিক্ত জেলা জজ পদমর্যাদার কর্মকর্তাগণসহ যে সকল বিচার বিভাগীয় কর্মকর্তার ২০১৩ ও ২০১৪ সালের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এ.সি. আর) অনুবেদনকারী কর্মকর্তাগণ কর্তৃক যথাযথভাবে পূরণ করে অদ্যাবধি বাংলাদেশ সুপ্রীম কোর্টে প্রেরণ করা হয়নি, সে সকল বিচার বিভাগীয় কর্মকর্তার ২০১৩ ও ২০১৪ সালের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এ.সি. আর) যথাযথভাবে পূরণ করে অনুবেদনকারী কর্মকর্তাগণ কর্তৃক অনতিবিলম্বে বাংলাদেশ সুপ্রীম কোর্টে প্রেরণের জন্য অনুরোধ করে পত্র দিয়েছেন।

৩। প্রসংগত উল্লেখ্য, অতিরিক্ত জেলা জজ হতে জেলা জজ পদে পদোন্নতির প্যানেল প্রস্তুত করার সময় অত্র মন্ত্রণালয়ের বিভাগীয় পদোন্নতি কমিটি তাঁদের সমগ্র চাকুরী জীবনের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (ডসিয়ার) পর্যালোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন। ফলে, যে সকল অফিসারের ২০১৩ ও ২০১৪ সালের বার্ষিক গোপনীয় প্রতিবেদন পাওয়া যায়নি তাদের ২০১৩ ও ২০১৪ সালের বার্ষিক গোপনীয় প্রতিবেদন ছাড়াই বর্তমান অবস্থায় চাহিত ১৪৮ (একশত আটচল্লিশ) জন অতিরিক্ত জেলা জজের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (ডসিয়ার) অত্র বিভাগে প্রেরণ করা হলে ডসিয়ারে রক্ষিত এ.সি.আর. সমূহের উদ্ধৃতাংশের কাজ শুরু করা যাবে। উক্ত কর্মকর্তাদের ২০১৩ ও ২০১৪ সালের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এ.সি. আর) প্রাপ্তি সাপেক্ষে বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক পর্যায়ক্রমে পরবর্তীতে অত্র বিভাগে প্রেরণ করা হলে প্যানেল প্রস্তুতের প্রক্রিয়াটি দ্রুত সম্পন্ন করা সম্ভব হবে। এতে একদিকে পদোন্নতি প্রত্যাশি কর্মকর্তাগণ উপকৃত হবেন; অপরদিকে বিচার প্রার্থী জনগণের দ্রুত সময়ে ন্যায় বিচার প্রাপ্তির নিশ্চিত হবে।

৪। এতদব্যতীত, বিচার বিভাগীয় কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় প্রতিবেদনের উদ্ধৃতাংশ প্রস্তুত করে বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শের আলোকে সার-সংক্ষেপ প্রস্তুত করে মহামান্য রাষ্ট্রপতির অনুমোদন গ্রহণ করতঃ পদোন্নতিমূলে পদায়নের প্রস্তাব প্রেরণ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ গ্রহণক্রমে পদোন্নতি প্রদানের এ দীর্ঘ প্রক্রিয়া সম্পন্ন করতে দীর্ঘ সময় অতিবাহিত হয়ে যায় । ফলে, উপরোক্ত বিষয় সমূহ বিবেচনা করে এখনই অতিরিক্ত জেলা জজ হতে জেলা জজ পদে জরুরী ভিত্তিতে পদোন্নতির প্যানেল প্রস্তুত করা আবশ্যক।

( অঃ পৃঃ দ্রঃ )

৫। এমতাবস্থায়, অতিরিক্ত জেলা জজ হতে জেলা জজ পদে পদোন্নতির প্যানেল প্রস্তুতের নিমিত্ত বাংলাদেশ সুপ্রীম কোর্ট হতে যে সকল কর্মকর্তার ২০১৩ ও ২০১৪ সনের এ.সি.আর. পাওয়া যায়নি তাদের উক্ত সময়ের এ.সি.আর. ছাড়াই বর্তমান সময় পর্যন্ত রক্ষিত অতিরিক্ত জেলা জজের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (ডসিয়ার) অত্র বিভাগে জরুরী ভিত্তিতে প্রেরণ এবং তাদের ২০১৩ ও ২০১৪ সনের এ.সি.আর. প্রাপ্তি সাপেক্ষে প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হল।

০১/০৬/২০১৫

( মোঃ নুরুল আলম সিদ্দীক )
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১।

রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
দৃঃ আঃ সহকারী রেজিস্ট্রার (বিচার)।